



জেলা শিল্পকলা একাডেমি, বগুড়া  
(www.shilpakala.bogra.gov.bd)

স্মারক সংখ্যাঃ ৪৩.২০.১০০০.০০১.৯৯.০০১.২৩.৮৪


তারিখঃ ২৬ জুন ২০২৩

বিষয়ঃ সংগীত ও তালবাদ্যযন্ত্র (তবলা) বিষয়ে প্রশিক্ষণ কর্মশালায় অংশগ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, জেলা শিল্পকলা একাডেমি, বগুড়া'র আয়োজনে আগামী ০৬, ০৭, ০৮ ও ০৯ জুলাই ২০২৩ তারিখ ০৪ (চার) দিনব্যাপী সংগীত বিষয়ক ও তালবাদ্যযন্ত্র (তবলা) বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা আলাদাভাবে জেলা শিল্পকলা একাডেমি শিববাটি, বগুড়ায় অনুষ্ঠিত হবে। সংগীত বিষয়ে প্রশিক্ষণ প্রদান করবেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন ভারতীয় প্রশিক্ষক পন্ডিত শ্যাম সুন্দর গোস্বামী, এবং তালবাদ্যযন্ত্র (তবলা) বিষয়ে প্রশিক্ষণ প্রদান করবেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন ভারতীয় প্রশিক্ষক পন্ডিত শুব্রাংশু চক্রবর্তী। উল্লিখিত কর্মশালায় অংশগ্রহণের নিমিত্ত জেলা শিল্পকলা একাডেমি হতে নিবন্ধন ফরম সংগ্রহ করে পূরণপূর্বক আগামী ০৫ জুলাই ২০২৩ তারিখ অফিস চলাকালীন জমাপ্রদান করার জন্য অনুরোধ জানানো হলো।

**নিয়মাবলীঃ**

- ক) নিবন্ধন ফরমের মূল্য ৪০০/- (চারশত) টাকা। প্রশিক্ষণ শেষে সনদপত্র প্রদান করা হবে।
- খ) নিবন্ধন ফরমের সাথে ০১ (এক) কপি পাসপোর্ট সাইজ রঞ্জিন ছবি ও জন্মনিবন্ধন/জাতীয় পরিচয়পত্রের ফটোকপি জমা দিতে হবে।
- গ) একজন প্রশিক্ষণার্থী ০১ (এক) টি বিষয়ে কর্মশালায় অংশগ্রহণ করতে পারবেন।
- ঘ) সংগীত ও তালবাদ্যযন্ত্র (তবলা) বিষয়ে যাদের প্রাথমিক ধারণা আছে এবং বয়স কমপক্ষে ১০ (দশ) বছর, শুধু তারাই সংগীত ও তালবাদ্যযন্ত্র (তবলা) বিষয়ক কর্মশালায় অংশগ্রহণ করতে পারবেন।
- ঙ) তালবাদ্যযন্ত্র (তবলা) বিষয়ক কর্মশালায় অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীদেরকে নিজ ব্যবস্থাপনায় তবলা সাথে নিয়ে আসতে হবে।

  
(মোঃ শাহাদৎ হোসেন)

জেলা কালচারাল অফিসার

বগুড়া

ই-মেইল:shilpokalabogra@gmail.com

মোবাইল:০১৭২২-৬১৯০৪৩

স্মারক সংখ্যাঃ ৪৩.২০.১০০০.০০১.৯৯.০০১.২৩.৮৪

তারিখঃ ২৬ জুন ২০২৩

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১. মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, ঢাকা
০২. জেলা প্রশাসক, বগুড়া
০৩. পুলিশ সুপার, জেলা বিশেষ শাখা, বগুড়া (নিরাপত্তা প্রদানের সদয় অনুরোধ সহ)
০৪. সিনিয়র জেলা তথ্য অফিসার, বগুড়া (প্রচারণা প্রদানের সদয় অনুরোধ সহ)
০৫. জেলা শিক্ষা অফিসার, বগুড়া (প্রচারণা প্রদানের সদয় অনুরোধ সহ)
০৬. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, বগুড়া (প্রচারণা প্রদানের সদয় অনুরোধ সহ)
০৭. জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, বগুড়া (প্রচারণা প্রদানের সদয় অনুরোধ সহ)
০৮. অফিস কপি

//

জেলা কালচারাল অফিসার

বগুড়া